

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা
শাখা-০৬ (ভোকেশনাল-০১)
এফ-০৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা।
ওয়েব সাইট : www.techedu.gov.bd
ই-মেইল : dteadvoc@gmail.com

স্মারক নং-এসএসসি/এইচএসসি/ভোকেশনাল/প্রকল্প/১১৮/৯৮/৬২৬

তারিখ : ০২/০৪/২০১৭ খ্রিঃ

বিষয় : শিক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত এবং দীর্ঘদিন ব্যাংকে জমাকৃত টাকা ব্যয়ের প্রশাসনিক অনুমোদন প্রসঙ্গে।



সূত্র : রংপুর টেকনিক্যাল স্কুল ও কলেজ স্মারক নং- টিএসসি/রং রেজু/১৮২, তারিখ: ২০/০৩/২০১৭ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রংপুর টেকনিক্যাল স্কুল ও কলেজের ছাত্র-ছাত্রীদের নিকট হতে আদায়কৃত এবং দীর্ঘদিন ব্যাংকে জমাকৃত ৩০জুন/২০১৬ পর্যন্ত সুদ বাবদ ৩,১৯,১১৩/- টাকা প্রতিষ্ঠানের উন্নয়নমূলক ব্যয়ের প্রশাসনিক অনুমোদন সংক্রান্ত একখানা পত্র পাওয়া গেছে। অধ্যক্ষ অর্থব্যয়ের প্রশাসনিক অনুমোদনের জন্য অনুরোধ করেছেন।

২। বর্ণিত বিষয়ে প্রস্তাবের সাথে ৫টি কাজের বিবরণ ও টাকার পরিমাণ উল্লেখ করা হলেও কাজের প্রাক্কলন দাখিল করেন নাই বিধায় অর্থ ব্যয়ের অনুমোদন প্রদানের বিষয়টি বিবেচনা করা যায় না।

এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে প্রাক্কলনসহ পুনরায় পূর্ণাঙ্গ প্রস্তাব প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

অধ্যক্ষ
রংপুর টেকনিক্যাল স্কুল ও কলেজ
রংপুর


(মোঃ জহুরুল ইসলাম)
সহকারী পরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।


অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।